# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(১৫) যিশাইয় ৪২/১০-১৩

“হে সমুদ্রগামীরা এবং সাগরস্থ সকলে, হে উপকূলগুলো (the isles দ্বীপগুলো) ও সেখানকার অধিবাসীরা, তোমরা মাবুদের উদ্দেশ্যে নতুন গজল গাও (Sing unto the Lord a new song), দুনিয়ার প্রান্ত থেকে তাঁর প্রশংসায় গান কর। মরুভূমি ও সেখানকার সমস্ত নগর উচ্চৈঃস্বর করুক, কায়দারের (Kedar) বসতি গ্রামগুলো তা করুক, শেলা (Sela)-নিবাসীরা আনন্দ-রব করুক, পর্বতমালার চূড়া থেকে আনন্দ চিৎকার করুক। তারা মাবুদের গৌরব স্বীকার করুক, উপকূলগুলোর (islands দ্বীপগুলো) মধ্যে তাঁর প্রশংসা প্রচার করুক। মাবুদ বীরের মত (like a man of war) যাত্রা করবেন, যোদ্ধার মত তাঁর উদ্যোগকে উত্তেজিত করবেন; তিনি জয়ধ্বনী করবেন, হ্যাঁ, মহানাদ করবেন; তিনি দুশমনের বিরুদ্ধে পরাক্রম দেখাবেন...।” (মো.-১৩)

মুসলিম পণ্ডিতরা দাবি করেন যে, এ শ্লোকগুলোতেও মুহাম্মাদ (ﷺ) বিষয়ে ভবিষ্যদ্বাণী করা হয়েছে। মাবুদের উদ্দেশ্যে নতুন গান আরবী ভাষায় কুরআন ও আজান পৃথিবীর সকল প্রান্ত থেকে উচ্চারিত। আমরা দেখেছি ইসমাইল পুত্র কায়দার আরব জাতির পূর্বপুরুষ। আর মদীনার মূল পাহাড়ের নাম ‘জাবাল সালআ’ বা সেলা পাহাড়। সর্বোপরি মুহাম্মাদ (ﷺ)_এর মাধ্যমেই মাবুদ তাঁর পরাক্রম দেখিয়েছেন।

এ প্রসঙ্গে উইকিপিডিয়া লেখেছে:

“Isaiah 42:13 is believed to be a prophecy of the Muslim conquests. ‘the new song’ is often interpreted as a reference to the Arabic Qur'an or to the Adhan ‘the Islamic call to prayer’. The Islands could be a reference to Indonesia and Malaysia. The mention of Mount Sela (Arabic: جبل سلع, Hebrew: הר סלע) ‘the mountain of Medina’ and the mention of Kedar "the forefather of Muhammad", in verse 11, is also considered by Muslims to be a proof. A map of the Battle of the Trench shows ‘Mount Sela’ ... which is located in the middle of Medina.”

“যিশাইয় ৪২/১৩ মুসলিম বিজয়ের একটা ভবিষ্যদ্বাণী বলে বিশ্বাস করা হয়। নতুন গান/ নতুন গজল বা নতুন কাওয়ালির ব্যাখ্যায় সাধারণত আরবি কুরআন অথবা আযানের কথা বলা হয়। উপকূল বা দ্বীপগুলো বলতে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়াকে বোঝানো সম্ভব। এ বক্তব্যে ১১ নং শ্লোকে ‘সেলা পাহাড়’ উল্লেখ করা হয়েছে (আরবী جبل سلع ‘জাবাল সেলা’ ও হিব্রু הר סלע) এটা মদীনার পাহাড়। এছাড়া এতে মুহাম্মাদ (ﷺ)_এর পূর্বপুরুষ কায়দার-এর উল্লেখ রয়েছে। মুসলিমরা এ বিষয়টাকে প্রমাণ হিসেবে গণ্য করেন। খন্দকের যুদ্ধের এক মানচিত্রে সেলা পাহাড় দেখানো হয়েছে . . . . যা মদিনার মধ্যস্থলে অবস্থিত।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14666

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন